ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

## সংবাদ বিজ্ঞপ্তি

# 'মুক্তির গানে হোক দুর্নীতি প্রতিরোধ'

### আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস ২০১১ উপলক্ষে দুর্নীতিবিরোধী তরুণ সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

**ঢাকা, ৮ ডিসেম্বর ২০১১:** ৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস। 'স্বাধীনতার গৌরবময় চল্লিশ: চাই সুশাসন-দুর্নীতি প্রতিরোধ' প্রতিপাদ্য নিয়ে টিআইবি এ বছর বিভিন্ন কার্যক্রমের মধ্য দিয়ে দিবসটি উদযাপন করছে। **'মুক্তির গানে হোক দুর্নীতি প্রতিরোধ'** - স্লোগান নিয়ে টিআইবির অনুপ্রেরণায় তরুণ স্বেচ্ছাসেবকদের নিয়ে গঠিত ঢাকা ইয়েস (ইয়ুথ এনগেইজমেন্ট এ্যান্ড সাপোর্ট) ও স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পীসহ খ্যাতিমান শিল্পীবৃন্দের অংশগ্রহণে আজ এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। স্বাধীনতার চেতনায় উজ্জীবিত হয়ে দেশ গঠনে ও দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলনে যোগ্য নেতৃত্ব দানে তরুণ প্রজন্মকে উৎসাহিত করার লক্ষ্যে এই অনুষ্ঠানের আয়োজন করে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)।

ধানমন্ডির রবীন্দ্র সরোবর মুক্তমঞ্চে বিকেল ৪টায় দুর্নীতিবিরোধী তরুণ সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশিষ্ট কথা সাহিত্যিক ও টিআইবি'র ট্রাস্টি বোর্ডের সেক্রেটারি জেনারেল **সেলিনা হোসেন**। তিনি তারুণ্যের শক্তি দিয়ে দুর্নীতির বিরুদ্ধে আরেকটি যুদ্ধের আহ্বান জানান। শুভেচ্ছা বক্তব্য রাখেন টিআইবি'র নির্বাহী পরিচালক **ড. ইফতেখারুজ্জামান**। তিনি বলেন, 'আমরা এ বছর স্বাধীনতার চল্লিশ বছর উদযাপনের মধ্য দিয়ে স্বাধীনতার চেতনাকে দুর্নীতি প্রতিহতের শক্তিতে রূপান্তরিত করতে চাই।'

প্রধান অতিথি ছিলেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী **জনাব ক্যাপ্টেন (অব.) এ.বি. তাজুল ইসলাম**। তিনি তরুণদের সারা বিশ্বের কাছে বাংলাদেশকে একটি দুর্নীতিমুক্ত দেশ হিসেবে তুলে ধরার আহ্বান জানান।'

উদ্বোধনী অনুষ্ঠানে টিআইবি'র উদ্যোগে গঠিত ঢাকা ইয়েস নাট্যদলের দুর্নীতিবিরোধী প্রযোজনা 'সঙ এর বিধান' উপস্থাপিত হয়। শিক্ষা, স্বাস্থ্যসেবা বিষয়ে নাগরিক সনদ এবং তথ্য অধিকার নিয়ে নাটকটির কাহিনী আবর্তিত হয়েছে। এতে সমাজের বিভিন্ন অসঙ্গতির চিত্র সুনিপুণভাবে ফুটিয়ে তোলা হয়।

অনুষ্ঠানের বিভিন্ন পর্যায়ে অর্জিত গৌরবময় স্বাধীনতা ও দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলনের চেতনায় উজ্জীবিত করতে তরুণদের সাথে সংহতি প্রকাশ করেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও শিল্পকলা একাডেমীর সাবেক মহাপরিচালক **কামাল লোহানী** এবং চলচ্চিত্র নির্মাতা ক্যাথরিন মাসুদ। কামাল লোহানী তার বক্তব্যে বলেন, 'দুর্নীতি আজ রাজনীতি থেকে সাংস্কৃতিক পর্যায়ে পৌঁছে যাচ্ছে। এটা কোনোভাবেই কাম্য নয়।'

সাংস্কৃতিক অনুষ্ঠানের শুরুতেই মঞ্চে আসেন স্বাধীনতা সংগ্রামের শব্দসৈনিক ও স্বাধীন বাংলা বেতারকেন্দ্রের শিল্পী **শাহীন সামাদ, তিমির নন্দী, মনোরঞ্জন ঘোষাল ও ডালিয়া নওশীন**। তাঁরা মুক্তিযুদ্ধের সময়ের অনুপ্রেরণাদায়ক গানগুলো পরিবেশনের মাধ্যমে শ্রোতা-দর্শকদের স্বাধীনতা সংগ্রামের চেতনায় উদ্দীপ্ত করেন। অন্যদিকে শিল্পী সায়ান ও হাসান আবিদুর রেজা জুয়েল মুক্তির গান পরিবেশন করেন। সবশেষে মঞ্চে আসে জনপ্রিয় ব্যান্ড 'দলছুট'। অনুষ্ঠানে মুক্তির গান পরিবেশনার মাধ্যমে উপস্থিত তরুণদেরকে মুক্তিযুদ্ধের চেতনায় এক দুর্নীতিমুক্ত বাংলাদেশ গঠনের প্রত্যয় ব্যক্ত করা হয়।

**গণমাধ্যম যোগাযোগ**

**রিজওয়ান - উল - আলম**
পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন
মোবাইল: ০১৭১৩ ০৬৫০১২
rezwan@ti-bangladesh.org